গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০০.০০১.১১.০০৫৪ (অংশ-৩).২১- ৪৮৬

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২৬খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://dwa.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না:**

| ক্রমিক | পদের নাম,গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>(১৩তম গ্রেড)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ০২(দুই)টি | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশসহ ইংরেজিতে প্রতি মিনিটে ৮০ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ৩০ শব্দ টাইপ করার/বাংলা ৫০ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ২৫ শব্দ টাইপ করার গতি। |
| ২. | ট্রেড ইন্সট্রাক্টর (জেলা)<br>(১৩তম গ্রেড)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/- | ৯৭ (সাতানব্বই) টি (দর্জি বিজ্ঞান-৫৩ (তেপান্ন)টি, বুটিক বাটিক-২২(বাইশ)টি, নকশী কাঁথা- ২২ (বাইশ)টি) | সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে ন্যূনপক্ষে ডিপ্লোমা এবং যে যে ট্রেডে ডিপ্লোমা কোর্স চালু হয় নাই সেই সব ক্ষেত্রে ন্যূনপক্ষে ১০ বছরের অভিজ্ঞতার সনদপত্র । মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(১৪তম গ্রেড)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ০৬ (ছয়)টি | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাশসহ ইংরেজিতে প্রতি মিনিটে ৭০ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ২৮ শব্দ টাইপ করার/বাংলা প্রতি মিনিটে ৪৫ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ২৫ শব্দ টাইপ করার গতি। |
| ৪. | ডে-কেয়ার ইনচার্জ<br>(১৪তম গ্রেড)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/- | ২৫ (পঁচিশ) টি | কোন স্বীকৃত প্রাপ্ত বোর্ড হইতে এইচ, এস, সি পাশ। অথবা এস. এস. সি পাশ এবং শিশুযত্ন কর্মসূচী এবং নার্সিং-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |
| ৫. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(১৬তম গ্রেড)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ১৬৩ (একশত তেষট্টি) টি | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রতি মিনিটে ইংরেজিতে ২৮ শব্দ/বাংলায় ২০ শব্দ টাইপ করার গতি। |
| ৬. | অফিস সহায়ক<br>(২০তম গ্রেড)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/- | ৪৩৮ (চারশত আটত্রিশ) টি | ন্যূনপক্ষে অষ্টম শ্রেণি পাশ। |

**২। আবেদন ফর্ম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/৭/২০২৬খ্রি. তারিখে বয়স সীমা ১৮-৩২ বছর হতে হবে। ট্রেড ইন্সট্রাক্টর (জেলা) এর ক্ষেত্রে সর্বোচ্চ ৩৫ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status-এ স্ব স্ব Option Select করতে হবে। অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. চাকরির আবেদন ফর্মে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীকালে এ-সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া, পূরণকৃত Application Form-সহ জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে।

জ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**ঝ. সমগ্রেডভুক্ত একাধিক পদের পরীক্ষা একই সময়ে এবং একই ভেন্যুতে অনুষ্ঠিত হতে পারে বিধায় একজন প্রার্থীকে সমগ্রেডভুক্ত একাধিক পদে আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।**

ঞ. নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩। আবেদন পত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **https://dwa.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দান শুরুর তারিখ ও সময়: ০৮/৭/২০২৬খ্রি. সকাল ১০:০০টা।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/৭/২০২৬খ্রি. বিকাল ৪:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থীতার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ. ২১/১২/২০২১খ্রি. তারিখের দৈনিক যুগান্তর ও আমাদের নতুন সময় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন, তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নাই। পূর্বের আবেদনের প্রেক্ষিতে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।**

ঘ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণকালো/সম্পূর্ণসাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ক্রমিক নং-১ হতে ৫ পর্যন্ত প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জবাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা, ক্রমিক নং-৬ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS :** **DWA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DWA ABCDEF
Reply: Applicant's Name, **112** or **56** Tk will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DWA<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS :** **DWA**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DWA YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DWA Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

ছ. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি **https://dwa.teletalk.com.bd** এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীকালে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ঝ. টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

(a) User ID জানা থাকলে
**DWA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222. Example: **DWA Help USER ABCDEF** & Send to 16222.

(b) PIN Number জানা থাকলেঃ
**DWA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **DWA Help PIN 12345678** & send to 16222.

ঞ. পত্রিকা ছাড়াও মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট www.dwa.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া, QR Code স্ক্যান-এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ট. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বরে ফোন করে তথ্য alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল- https://www.facebook.com/alljobs.bd teletalk এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মে Organization Name: DWA, Post Name: *** Applicant's User ID Contact Number উল্লেখ করতে হ

**৪. প্রার্থীর যোগ্যতা যাচাই :**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলং প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শন করলে পরীক্ষায় প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদ/ প্রমাণপত্রের মূলকপি প্রদর্শনং সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র সহ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভা মেয়র/ প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(গ) কোটা দাবির সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;
(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের মেয়র/ প্রশাসক অথবা নবম গ্রেড এবং তদূর্ধ্ব গেজেটে চারিত্রিক সনদপত্র;
(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত অনুলিপি;
(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy); এবং

৫. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে-কোনো বিষয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পর
** যে-কোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইটে প্রবেশ-এর **QR Code**

মহিলা বিষয়ক অধিদপ্তরের টেলিটক পোর্টালে প্রবেশ-এর **QR Code**

(শবনম শিরিন)
উপপরিচালক (প্রশাসন)
মহিলা বিষয়ক অধিদপ্তর
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন: ০২-৪১০৩৩২১৬

(30x4) CG—2376/26